

## 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৯

১. ইখলাস (كتاب الإخلاص)

পরিচ্ছেদঃ ১) ইখলাস, সত্যবাদিতা ও সৎ নিয়তের প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الإخلاص والصدق والنية الصالحة

## আরবী

(19) (صحيح) وَعَنْ معن بن يزيد رَضِيَ اللَّهُ عَنْهُمَا قال كَانَ أَبِي يَزِيدُ أَخْرَجَ دَنَانِيرَ يَتَصَدَّقُ بِهَا فَوَضَعَهَا عِنْدَ رَجُلٍ فِي الْمَسْجِدِ فَجِئْتُ فَأَخَذْتُهَا فَأَتَيْتُهُ بِهَا فَقَالَ وَاللَّهِ مَا إِيَّاكَ أَرَدْتُ فَخَاصَمْتُهُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَكَ مَا نَوَيْتَ يَا يَزِيدُ وَلَكَ مَا أَخَذْتَ يَا مَعْنُ. رواه البخاري

## বাংলা

১৯. (সহীহ্) মা'ন বিন ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ আমার পিতা ইয়াযীদ কিছু দীনার বের করলেন দান করার উদ্দেশ্যে। অতঃপর মসজিদে গিয়ে এক ব্যাক্তির নিকট রেখে দিলেন। (ঘটনাক্রমে আমি ছিলাম সে ব্যাক্তি) আমি উহা নিয়ে তার নিকট ফিরে এলাম। তিনি বললেনঃ আল্লাহর কসম আমি তোমাকে উদ্দেশ্য করি নাই। তখন ব্যাপারটির ফায়সালার জন্য আমি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের) নিকট পেশ করলাম। তিনি বললেনঃ

''হে ইয়াযীদ তুমি যা নিয়ত করেছ তার ছোয়াব পেয়ে যাবে। আর হে মা'ন যা তোমার হস্তগত হয়েছে তা তোমারই।''

(ইমাম বুখারী হাদীছটি বর্ণনা করেছেন।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন